# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 22 June, 2025

সম্পদের তথ্য গোপন এবং জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুদকের করা মামলায় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক উপমন্ত্রী অ্যাডভোকেট রুহুল কুদ্দুস তালুকদার দুলু এবং তার স্ত্রী সাবিনা ইয়াসমিনকে খালাস দিয়েছেন আদালত।

রোববার (২২ জুন) ঢাকার বিশেষ জজ আদালত-১ এর বিচারক মো. আবুল কাশেম এ রায় দেন।রায় ঘোষণার সময় তারা আদালতে উপস্থিত ছিলেন।

দুলুর আইনজীবী বোরহান উদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় আদালত খালাস দিয়েছেন।এ রায়ে আমরা সন্তুষ্ট।

মামলার অভিযোগ সূত্রে জানা যায়, ৫ কোটি ১ লাখ ৩১ হাজার ৭৭৩ টাকার সম্পদের তথ্য গোপন এবং ৮ কোটি ৪৪ লাখ ৩৭ হাজার ১০৮ টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ দখলে রাখার অভিযোগে ২০০৭ সালের ১৯ এপ্রিল স্ত্রীসহ দুলুর বিরুদ্ধে মামলাটি করেন দুদকের তৎকালীন সহকারী পরিচালক মাহফুজা।

তদন্ত শেষে একই বছরের ১৯ জুলাই তাদের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্ত কর্মকর্তা সহকারী পরিচালক নূর জাহান। ওই বছরের ২৯ আগস্ট আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন আদালত।

পরবর্তীতে মামলাটি বাতিল চেয়ে হাইকোর্টে আবেদন করেন দুলু।হাইকোর্ট তার আবেদন গ্রহণ করে ২০১২ সালের ১৮ জুলাই মামলাটি বাতিল করে দেন।উচ্চ আদালতের সে আদেশের বিরুদ্ধে আপিল করে দুদক।

২০১৫ সালের ২ নভেম্বর আপিল বিভাগ দুদকের আবেদন গ্রহণ করে হাইকোর্টের রায় বাতিলের আদেশ দেন।ওই আদেশের পর ঢাকার বিশেষ জজ আদালত-১-এ দুলুর বিরুদ্ধে মামলার কার্যক্রম আবারও শুরু হয়।

দুর্নীতি বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:02

URL: https://www.timestodaybd.com/public/politics/3538775807